# জেলা পরিষদ
## বাগেরহাট
www.zpbagerhat.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১৪.২২- ১৪৬ তারিখ ঃ ০[illegible]/০৬/২০২৩ খ্রিঃ।

## খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি (২৫)

এতদ্বারা প্রকৃত ইজারাদার/সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এতদ্সঙ্গে তালিকায় বর্ণিত অত্র জেলা পরিষদ তফশীলভূক্ত অত্রসাথ সংযুক্ত ১০ (দশ) টি খেয়াঘাটের মধ্যে ০৩ (তিন) টি খেয়াঘাট (১) বলাইবুনিয়া খেয়াঘাট (২) ফুলহাতা খেয়াঘাট ও (৩) নাগেরবাজার খেয়াঘাট ২০২৩-২৪ অর্থ বছরের (০১ জুলাই/২৩ খ্রিঃ হতে ৩০ জুন/২৪ খ্রিঃ) তারিখ পর্যন্ত ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত দরপত্র ফরমে সীলমোহরকৃত খামে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে।

### শর্তাবলী ঃ

১। দরপত্র অত্র অফিসের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হবে।

২। দরপত্র নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

৩। প্রতিটি দরপত্র মূল্য (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে অত্র অফিসসহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/ উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লিখিত তারিখ সমূহে ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/মোড়েলগঞ্জ অফিস সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। বিস্তারিত জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন যে কোন সময়ে জানা যাবে।

**দরপত্র ক্রয়, দাখিল ও খোলার তারিখ ও সময়সূচী নিম্নরূপঃ**

| বিজ্ঞপ্তি | দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ৬ষ্ঠ বার | ১১/০৬/২০২৩ খ্রি. | ১২/০৬/২০২৩ খ্রি. বেলা ১-০০ টা | জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট এর স্থানীয় সরকার শাখা, /উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/মোড়েলগঞ্জ। | ১২/০৬/২০২৩ খ্রি. বেলা ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট। |
| ৭ম বার | ১৮/০৬/২০২৩ খ্রি. | ১৯/০৬/২০২৩ খ্রি. বেলা ১-০০ টা | -ঐ- | ১৯/০৬/২০২৩ খ্রি. বেলা ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট। |
| ৮ম বার | ২৫/০৬/২০২৩ খ্রি. | ২৬/০৬/২০২৩ খ্রি. বেলা ১-০০ টা | -ঐ- | ২৬/০৬/২০২৩ খ্রি. বেলা ২-০০ টা জেলা পরিষদ, বাগেরহাট। |

৪। ৬ষ্ঠ দফায় যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে, সেগুলো অনুমোদনের জন্য রাখা হবে ও যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে না, সেগুলো যথাক্রমে ৭ম ও ৮ম দফা নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐগুলোর তালিকা উপস্থিত সকলকে জানিয়ে দেয়া হবে। অনুরূপভাবে একই পদ্ধতিতে প্রয়োজন অনুসারে ৮ম দফা পর্যন্তত দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে পুনরায় কোন দরপত্র জারী করা হবে না।

৫। খেয়াঘাট ইজারায় আগ্রহী জন্মগত পেশাদার পাটনী/সর্বসাধারনের সমর্থনে তার বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র/ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। দাখিলকৃত দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০০% টাকা ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। দরপত্রের উদ্ধৃতমূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংক, বাগেরহাট শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি অত্র অফিসে দাখিল করতে হবে।

৮। দরপত্রে উল্লেখিত উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে পৃথকভাবে অংকে ও কথায় লিখতে হবে।

৯। দরপত্র যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষর করতে হবে। দরপত্রে কাটাকাটি থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষর করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১০। যার দরপত্র গৃহীত/অনুমোদিত হবে তাকে অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা বিধি মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিলিয়াল ষ্ট্যাম্পে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট এর সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাটটি অন্য কারো নিকট উপবন্দোবস্ত (সাবলীজ) প্রদান করতে পারবেন না। ইজারাদার আইন বহির্ভূত কোন কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে তার ইজারামূল্য বাজেয়াপ্তসহ ইজারার আদেশ বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারাদারকে সর্বনিম্ন ০৬ (ছয়) টন ভার বহন করা যায় এমন নৌকা (যন্ত্রচালিত) দ্বারা কমপক্ষে ০২ (দুই) খানা ট্রলার খেয়া পারাপারের কাজে ব্যবহার করতে হবে।

১৩। যন্ত্রচালিত প্রতি ট্রলারে সর্বোচ্চ ২৫ থেকে ৩০ জনের বেশী যাত্রী বহন করা যাবে না।

১৪। ট্রলার চালানো দক্ষ ও অভিজ্ঞ সম্পন্ন ব্যক্তি দ্বারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক যাত্রী বহনকারী ট্রলার চালাতে হবে।

১৫। দরপত্র দাতাকে তার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৬। জেলা পরিষদ হতে প্রদত্ত রেট চার্ট অনুযায়ী টোল আদায় করতে বাধ্য থাকতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে প্রকাশ্য স্থানে রেট চার্ট টানাতে হবে।

১৭। খেয়াঘাটটি জেলা পরিষদের সম্পত্তি বিবেচনা করে সঠিকভাবে রক্ষনাবেক্ষন করতে হবে এবং যাত্রী সাধারনের খেয়াঘাটে উঠানামার ব্যবস্থা করতে হবে।

১৮। কোন শর্তযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না।

১৯। দরপত্র দাখিলের পূর্বে খেয়াঘাটটি সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে খেয়াঘাটের বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/স্থগিত রাখার কোন বা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ, বাগেরহাট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৭/০৬/২৩

(ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২-৪৭৭৭৫২৪৮১।

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১৪.২২-২৪৬ (১৮)

তারিখ ঃ ০৭/০৬/২০২৩ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
২। মেয়র, বাগেরহাট পৌরসভার, বাগেরহাট।
৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
৪। পুলিশ সুপার, বাগেরহাট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
৬। সিভিল সার্জন, বাগেরহাট।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সওজ, সড়ক বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, বাগেরহাট।
৮। উপজেলা চেয়ারম্যান, ..........................................................., বাগেরহাট (সকল)।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................................., বাগেরহাট (সকল)।
১০। সহকারী কমিশনার (ভূমি), বাগেরহাট সদর, বাগেরহাট।
১১। সাব-রেজিষ্ট্রার, বাগেরহাট সদর, বাগেরহাট।
১২। অফিসার ইন চার্জ, বাগেরহাট সদর মডেল থানা/মোড়েলগঞ্জ, বাগেরহাট।
১৩। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
১৪। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
১৫। হিসাবরক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
১৬। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ .................................... উপজেলা, বাগেরহাট।
১৭। জনাব ..............................................................................................................................
..............................................................................................................................
..............................................................................................................................
১৮। অফিস কপি/নোটিশ বোর্ড/ওয়েবসাইট।

০৭/০৬/২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোনঃ ০২-৪৭৭৭৫২৪৮১।

বাগেরহাট জেলা পরিষদে তফশীলভূক্ত ২০২৩-২৪ অর্থ বছরে সরকারী সম্ভাব্য ইজারামূল্যসহ ইজারাযোগ্য খেয়াঘাটের তালিকা

| ক্রঃ নং | উপজেলার নাম | খেয়াঘাটের নাম | শ্রেণী | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) | ২০২৩-২৪ অর্থ বছরের সম্ভাব্যমূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মোড়েলগঞ্জ | বলাইবুনিয়া | ১ম শ্রেণী | ১,০০০/- | ৮,১৩,০০০/- |
| ০২ | -ঐ- | ফুলহাতা | ২য় শ্রেণী | ৬০০/- | ৩,১১,৩০০/- |
| ০৩ | বাগেরহাট সদর | নাগেরবাজার | ২য় শ্রেণী | ৬০০/- | ২,৫৮,৫০০/- |

০৭/০৬/২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃ)
জেলা পরিষদ, বাগেরহাট।
০৬/০৬/২৩